

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইপ-১ অধিশাখা  
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৭.৯৯.০০১.১৫.১৭০

তারিখ : ০৫ শ্রাবণ, ১৪২৩ বঙ্গাব্দ।  
২০ জুলাই, ২০১৬ খ্রিঃ।

বিষয় : জেলা প্রশাসক সম্মেলন, ২০১৬-তে আলোচনার জন্য উত্থাপিত বিষয়ে সুপারিশমালার ওপর মতামত প্রেরণ সংক্রান্ত।

সূত্র : মনিটরিং-২ শাখার পত্র নং-৬১, তারিখঃ ১৬.০৭.২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জেলা প্রশাসক সম্মেলন, ২০১৬-তে আলোচনার জন্য উত্থাপিত বিষয়ে সুপারিশমালার ওপর নির্দেশক্রমে নিম্নোক্তভাবে মতামত প্রদান করা হলোঃ

উত্থাপিত বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ	উত্তরণের সুপারিশ	মতামত
চাঁদপুর জেলায় ৮৯টি ইউনিয়ন পরিষদের মধ্যে ৩৮টি ইউনিয়ন পরিষদের কমপ্লেক্স ভবন নেই। এসব ইউনিয়ন পরিষদের নিজস্ব প্রয়োজনীয় জমি নেই। এমনকি নিজস্ব অর্থে জমি ক্রয়ের সামর্থ্য নেই। স্থানীয়ভাবেও দাতা পাওয়া যাচ্ছে না। এজন্য বিদ্যমান বিধান সংশোধন করা এবং এসব ইউনিয়ন পরিষদে কমপ্লেক্স নির্মাণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন জেলা প্রশাসক, চাঁদপুর।	পর্যায়ক্রমে চাঁদপুর জেলার ইউনিয়ন পরিষদসহ যে সব ইউনিয়ন পরিষদের ভবন নির্মাণের জন্য প্রয়োজনীয় জমি নেই, সে সব ইউনিয়ন পরিষদে ইউপি কমপ্লেক্স ভবন প্রতিষ্ঠার লক্ষ্যে জমি ক্রয়ের জন্য অর্থ বরাদ্দসহ কমপ্লেক্স ভবন নির্মাণের ব্যবস্থা করা যেতে পারে।	ইউনিয়ন পরিষদ কমপ্লেক্স ভবন নির্মাণের প্রয়োজনীয় জমি ক্রয়ের জন্য স্থানীয় সরকার বিভাগে কোন বরাদ্দ/অর্থের সংস্থান নেই। দানসূত্রে অথবা ইউপির নিজস্ব আয় হতে ক্রয় সূত্রে প্রয়োজনীয় জমি পাওয়া গেলে স্থানীয় সরকার বিভাগ হতে জারীকৃত পরিপত্রের শর্তাদি অনুসরণ করে জেলা প্রশাসক, চাঁদপুর প্রস্তাব প্রেরণ করতে পারেন।

(মোঃ মাহাবুবুর রহমান)

উপসচিব

৯৫৮৬৬০৫

Email : lgup1@lgd.gov.bd

সহকারী সচিব  
মনিটরিং-২ শাখা  
স্থানীয় সরকার বিভাগ।

অনুলিপি :

✓ সহকারী প্রোগ্রামার  
স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।